



বগুড়া-সিরাজগঞ্জ রেলপথ দ্রুত বাস্তবায়ন হবে: প্রধানমন্ত্রী



বগুড়া জনসভায় প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বগুড়া-সিরাজগঞ্জ রেলপথ নির্মাণের কাজ শিগগিরই শুরু হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান, যা দীর্ঘদিনের একটি গুরুত্বপূর্ণ দাবির বাস্তবায়নের পথে নতুন অগ্রগতি হিসেবে দেখা হচ্ছে।

সোমবার বগুড়ার আলতাফুল্লাহা খেলার মাঠে বিএনপি আয়োজিত জনসভায় তিনি বলেন, রেলপথটির কাজ দ্রুত শুরু করতে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হয়েছে। এ সময় তার সহধর্মিণী ডা. জুবাইদা রহমান উপস্থিত ছিলেন। তিনি জানান, যোগাযোগব্যবস্থার উন্নয়নের পাশাপাশি বগুড়ার সামগ্রিক অর্থনৈতিক সম্ভাবনাও কাজে লাগানো হবে।

প্রধানমন্ত্রী বলেন, কৃষিপণ্য রপ্তানি সহজ করতে বগুড়া বিমানবন্দরকে কার্গো পরিবহনের উপযোগী করা হবে এবং সিটি করপোরেশনকে আধুনিক ও পরিকল্পিত নগরীতে রূপ দেওয়া হবে। একইসঙ্গে বগুড়া বিশ্ববিদ্যালয়ে কৃষি প্রকৌশল বিষয় চালুর উদ্যোগ নেওয়া হচ্ছে। ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড ও ধর্মীয় ব্যক্তিদের ভাতা চালুর মতো কর্মসূচির কথাও তিনি উল্লেখ করেন।

এছাড়া দেশব্যাপী খাল খনন কর্মসূচি পুনরায় চালুর পরিকল্পনার কথা জানিয়ে তিনি বলেন, এতে কৃষি উৎপাদন সুরক্ষিত থাকবে। দিনব্যাপী সফরে বিভিন্ন উন্নয়ন কার্যক্রম উদ্বোধন শেষে সন্ধ্যায় তিনি ঢাকার উদ্দেশে রওনা দেন।